পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা নীতি
ENVIRONMENTAL HEALTH & SAFETY POLICY

পলিসির নাম	:	পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা নীতি
প্রধান তত্ত্বাবধায়ক	:	বিভাগীয় প্রধান - এইচ আর এন্ড কমপ্লায়েন্স
বাস্তবায়নকারী	:	প্রশাসন, এইচ আর ও কমপ্লায়েন্স, ওয়েল ফেয়ার অফিসার ও সকল বিভাগীয় প্রধান
প্রনয়নের তারিখ	:	০১/০১/২০০৮ ইং
সর্বশেষ সংশোধনী	:	০১/০১/২০২৩ ইং
পূন-বিবেচনা / সংশোধন	:	শ্রম আইনের সংশোধন, প্রয়োজন সাপেক্ষে বা বায়ারের প্রয়োজন অনুসারে।

১. সংজ্ঞা (Definition)ঃ আমাদের চারপাশে যা কিছু আছে তাই নিয়ে আমাদের পরিবেশ। অপরদিকে শরীর সুস্থ থাকার নামই হচ্ছে স্বাস্থ্য। পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা বলতে বুঝায় কর্মক্ষেত্রে কর্মরত সকলের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা। আশপাশের পরিবেশের নিরাপত্তা নিশ্চিত করা এবং পরিবেশকে সুন্দর ও পরিচ্ছন্ন রাখা।

১.১ অঙ্গীকার (Commitment)ঃ কর্মক্ষেত্রের পরিবেশ স্বাস্থ্য ও নিরাপত্তা, আশপাশের পরিবেশের নিরাপত্তা এবং পরিবেশকে সুন্দর ও পরিচ্ছন্ন রাখতে আল মুসলিম গ্রুপের উর্ধ্বতন কর্তৃপক্ষ অঙ্গীকারাবদ্ধ।

১.২ আইনের বিধান(Provision of law)ঃ অত্র প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্তৃপক্ষ বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (সংশোধিত-২০১৮), শ্রম বিধিমালা ২০১৫ (সংশোধিত ২০২২) এবং বিভিন্ন ক্রেতা/বায়ারের পরিবশগত স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করে কর্মক্ষেত্রের পরিবেশ স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করে থাকে।

১.৩ উদ্দেশ্য (Purpose)ঃ অত্র কারখানার অভ্যন্তরীণ কর্মপরিবেশ, চারপাশের পারিপার্শ্বিক পরিবেশের পরিষ্কার- পরিচ্ছন্নতা এবং কর্মরত সকলের নিরাপত্তা নিশ্চিতকল্পে এ নীতিমালা প্রণীত।

১.৪ লক্ষ্য (Vision of the Policy)ঃ কারখানার অভ্যন্তরে এবং এর আশ পাশে স্বাস্থ্যসম্মত মনোরম কর্মপরিবেশ, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যেই এ নীতিমালা প্রণীত।

অনুমোদনক্রমে- [signature] গ্রুপ নির্বাহী পরিচালক / ব্যবস্থাপনা পরিচালক Al-Muslim Group Savar, Dhaka.	অনুমোদনের তারিখঃ ০১/০১/২০২৩

০২. Organization chart with their defined role & responsibilities:

আল-মুসলিম গ্রুপ এর উর্ধ্বতন কর্তৃপক্ষ পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা নীতিমালা প্রয়োগ ও বাস্তবায়নে একটি কমিটি গঠন করেছেন । যা নিম্নরুপঃ

অর্গানাইজেশন

সভাপতিঃ গ্রুপ নির্বাহী পরিচালক

সহ-সভাপতিঃ বিভাগীয় প্রধান - এইচ আর এন্ড কমপ্লায়েন্স

সাংগঠনিক সম্পাদকঃ ম্যানেজার/ ডেপুটি ম্যানেজার-এইচ আর এন্ড কমপ্লায়েন্স

সদস্য ঃ ম্যানেজার-ই এম এস | ম্যানেজার (ক্লিনিং) | ম্যানেজার (ইলেক্ট্রিক্যাল ও ইউটিলিটি | ম্যানেজার (মেকানিক্যাল)

ক্রঃ নং	পদ	দায়িত্ব ও কর্তব্য
০১	সভাপতিঃ গ্রুপ নির্বাহী পরিচালক	কারখানার অভ্যন্তরে স্বাস্থ্যসম্মত মনোরম কর্মপরিবেশ, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও নিরাপত্তা নিশ্চিতকরণ ছাড়াও ফ্যাক্টরীর বাইরে সুস্থ, সুন্দর, নিরাপদ স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় রাখার লক্ষ্যে এবং কারখানায় সৃষ্ট সকল বর্জ্য পরিকল্পিত উপায়ে সংগ্রহ অথবা পরিশোধন সুনিশ্চিত করেন।
০২	সহ সভাপতিঃ বিভাগীয় প্রধান (এইচ আর এন্ড কমপ্লায়েন্স)	কারখানার অভ্যন্তরীণ ও বাহ্যিক স্বাস্থ্যসম্মত কর্মপরিবেশ, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও নিরাপত্তা, পরিবেশ বজায় আছে কিনা তা তদারকি করেন । স্বাস্থ্যসম্মত কর্ম পরিবেশ, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও নিরাপত্তা বিঘ্নিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেন।
০৩	সাংগঠনিক সম্পাদকঃ ম্যানেজার / ডেপুটি ম্যানেজার এইচ আর এন্ড কমপ্লায়েন্স	কারখানার অভ্যন্তরীণ ও বাহ্যিক স্বাস্থ্য সম্মত কর্মপরিবেশ, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও নিরাপদ পরিবেশ বজায় আছে কিনা তা তদারকির পাশাপাশি সংশ্লিষ্টদের সাথে সমন্বয় সাধন করেন। এছাড়াও বিভিন্ন মোটিভেশনাল মিটিং ও ট্রেনিংয়ের মাধ্যমে স্বাস্থ্যসম্মত কর্মপরিবেশ ও নিরাপত্তা নিশ্চিতকরণে সকলকে সচেতন করেন।
০৪	সদস্যঃ ম্যানেজার - ই এম এস	কেমিক্যাল সরবরাহকারীদের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন, বায়ারের অনুমোদিত তালিকার কেমিক্যাল ব্যবহার নিশ্চিতকরণ, কারখানার অভ্যন্তরে কেমিক্যাল প্রবেশের সময় কেমিক্যালের গুনগতমান ও সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট চেক করা, সচেতনতামূলক মিটিং ট্রেনিং এর আয়োজন করা।
০৫	সদস্য ঃ ম্যানেজার (ক্লিনিং)	কারখানার কর্মরত সকলের স্বাস্থ্য নিরাপত্তার জন্য প্রয়োজন একটি স্বাস্থ্যসম্মত পরিবেশ। আর এই স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিতকরণে ক্লিনিং ম্যানেজার কারখানার সকল স্থান পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করেন।
০৬	সদস্যঃ ম্যানেজার (ইলেকট্রিক্যাল ও ইউটিলিটি)	বৈদ্যুতিক নিরাপত্তার লক্ষ্যে অত্র কারখানার সমস্ত বৈদ্যুতিক সংযোগ নিরাপদ করা, পরিত্যক্ত বৈদ্যুতিক সরঞ্জামাদি একটি নির্দিষ্ট স্থানে সংরক্ষণ ও বৈদ্যুতিক নিরাপত্তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেন।
০৭	সদস্যঃ ম্যানেজার (মেকানিক্যাল)	কারখানার কর্মরত সকলের নিরাপত্তার জন্য সমস্ত মেশিন নিয়মিত চেক করেন এবং প্রয়োজনীয় সকল আত্মরক্ষামূলক সরঞ্জামাদি সরবরাহের মাধ্যমে শ্রমিকদের নিরাপত্তার ব্যবস্থা করেন।

০৩.নীতিমালা প্রয়োগ ও মূল্যায়ণ পদ্ধতি/ প্রক্রিয়া (Routines or procedures) ঃ

আল মুসলিম গ্রুপ এর উর্ধ্বতন কর্তৃপক্ষ কারখানার অভ্যন্তরে পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতকল্পে নিম্নলিখিত ধাপসমূহ অনুসরণ করে থাকে।

৩.১ বাস্তবায়ন রুটিন (Implementation Routines)ঃ

কার্যাবলী (কি)	কার্যপ্রনালী (কিভাবে)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি(কে)	কার্যকাল (কখন)	সময়সীমা
বায়ু দূষণ রোধ	কারখানার সৃষ্ট দুষিত ধোঁয়া, ওয়াশিং প্লান্টের বর্জ্য, ধোঁয়া, কারখানার বর্জ্য কেমিক্যাল হতে নিঃসরিত গ্যাস, সুইং ও কাটিং সেকশনের উড়ন্ত ডাস্ট, মেডিক্যাল বর্জ্য ইত্যাদি যাতে কারখানার ভিতরে ও আশপাশের বাতাস দুষিত করে পরিবশ বিপজ্জয় না করতে পারে সেজন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়।	পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক কমিটির সদস্যবৃন্দ।	সার্বক্ষনিক	প্রযোজ্য নয়

পানি দূষণ রোধ	পানি দুষণ রোধে যে সকল কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয় তা নিম্নরুপঃ কোন প্লান্ট বা কারখানার বর্জ্য, কেমিক্যাল বা দুষিত পানি সরাসরি নদীতে ফেলা হয় না। ২. নিজস্ব ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের পানি বছরে কমপক্ষে ৪ বার টেস্ট করা হয়। ৩. ওয়াশিং প্লান্টের পানি ও অন্যান্য দুষিত পানি পরিশোধন করে নদীতে ফেলা হয়। ৪. সরবরাহকৃত ভূগর্ভস্থ পানি বা অন্য কোনভাবে সরবরাহকৃত পানি বা টিউবওয়েলের পানি ব্যবহারের ক্ষেত্রে উহা আর্সেনিক, জীবানুমুক্ত ও খাবার উপযুক্ত কি না তা অন্তত: বছরে একবার বা পরিদর্শক কর্তৃক নির্দেশিত হলে সরকারের জনস্বাস্থ্য ও প্রকৌশল বিভাগ বা সরকারের অন্য কোন প্রতিষ্ঠান বা সরকার কর্তৃক অনুমোদিত যে কোন প্রতিষ্ঠানের নিকট হতে লিখিত প্রত্যয়নপত্র সংগ্রহ ও সংরক্ষণ করা হয়।	পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক কমিটির সদস্যবৃন্দ।	সার্বক্ষনিক	প্রযোজ্য নয়
শব্দ দুষণ রোধ	কারখানার অভ্যন্তরে উচ্চ শব্দ সৃষ্টিকারী সকল যন্ত্র এমনভাবে বসাতে আছে যাতে এ সকল যন্ত্রগুলো শব্দ সৃষ্টি করতে না পারে। এছাড়াও কারখানার ফ্লোরগুলোতে কোন ভারী যন্ত্র চালনা, ব্যবহার, সরানো বা প্রতিস্থাপনের সময় খেয়াল রাখা হয় যে, সৃষ্ট শব্দ যেন মাত্রাতিরিক্ত শব্দ দূষণ না ঘটাতে পারে।	মেইনটেন্যান্স ও ম্যানেজার- ম্যানেজার-ই এম এস	কোন যন্ত্রপাতি /মেশিন চালানোর সময়।	প্রযোজ্য নয়।
ময়লা আবর্জনা অপসারন	কারখানার সকল স্থানের ময়লা আবর্জনা ক্লিনারদের মাধ্যমে প্রতিনিয়ত পরিষ্কার করে বর্জ্য ব্যবস্থাপনা অঞ্চলে জমা করা হয়। বর্জ্য ব্যবস্থাপনা অঞ্চলে জমা ময়লা আবর্জনা পরিবেশ সম্মতভাবে অপসারণের ব্যবস্থা করা হয়।	ম্যানেজার ক্লিনিং এবং ম্যানেজার - এইচ আর এ্যান্ড কমপ্লায়েন্স	ময়লা আবর্জনা অপসারনের প্রয়োজন হলে।	প্রতি সপ্তাহে একবার এবং প্রয়োজন হলে দুইবার।
পানীয়/তরল বর্জ্য অপসারন	পয়ঃনিষ্কাশনের পানি, ব্যবহারের পানি, স্বাভাবিক নিষ্কাশনের পানি, স্যানিটেশনের পানিসহ সকল ময়লা পানি সুয়ারেজ লাইনের মাধ্যমে প্রবাহিত করা হয়। ইটিপি প্রক্রিয়ার মাধ্যমে দূষিত ও ময়লা পানি পরিশোধনের ব্যবস্থা করা হয়। পয়ঃনিষ্কাশন লাইন অচল হলে বা আটকে গেলে তা পরিষ্কারের ব্যবস্থা করা হয়।	পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক কমিটির সদস্যবৃন্দ।	সার্বক্ষনিক	প্রযোজ্য নয়।

ধাতব জিনিসপত্র অপসারন	ভাঙ্গা আয়রন, রড, অব্যবহৃত যন্ত্রপাতি, পুরাতন বা অকেজো কাটার, সীজার ইত্যাদি ধাতব পদার্থ সাময়িকভাবে ধাতব নিরাপত্তা বক্সে জমা করা হয় এবং পরবর্তীতে সেগুলো পরিবেশ সম্মত ভাবে অপসারণের ব্যবস্থা করা হয়।	ম্যানেজার মেকানিক্যাল, ম্যানেজার - ক্লিনিং সংশ্লিষ্ট সেকশন প্রধান	সার্বক্ষনিক	প্রযোজ্য নয়।
ডাস্ট, পরিত্যক্ত খাবার, আবর্জনা ও পরিত্যক্ত কাগজ,অপসারণ	ডাস্ট, পরিত্যক্ত খাবার,আবর্জনা ও পরিত্যক্ত কাগজ, অপসারণ করে ফ্লোরে রক্ষিত ডাস্টবিনে সংরক্ষণ করতে হবে এবং প্রতিদিন কর্মঘন্টার পর পৌরসভা/সিটি কর্পোরেশনের নির্ধারিত স্থানে ফেলতে হবে।	ম্যানেজার - ক্লিনিং	সার্বক্ষনিক	প্রযোজ্য নয়।
প্লাস্টিক জাতীয় বর্জ্য অপসারণ	প্লাস্টিকের খালি ড্রাম, ব্যবহৃত কন্টেইনার, খালি বোতল, পরিত্যক্ত অন্যান্য প্লাস্টিক প্রতিদিন বর্জ্য ব্যবস্থাপনা অঞ্চলে জমা করা হয় ।	ম্যানেজার - ক্লিনিং	সার্বক্ষনিক	প্রযোজ্য নয়।
কাঠ জাতীয় বর্জ্য অপসারণ	মেরামত অযোগ্য কাঠের ভাঙ্গা টেবিল, চেয়ার, ফার্নিচার, র‌্যাক এবং বিভিন্ন আসবাবপত্র কেন্দ্রীয়ভাবে পরিবেশ সম্মত উপায়ে অপসারণের ব্যবস্থা করা হয়।	ম্যানেজার - ক্লিনিং	সার্বক্ষনিক	প্রযোজ্য নয়।
ফেব্রিক্স ও এক্সেসরিজ ওয়েস্টেজ পরিত্যাজ্য অপসারণ	কার্টুন, বাটন, হ্যাঙ্গার, ফেব্রিক্স, পলি, জিপার ইত্যাদি এক্সেসরিজ আইটেমের ওয়েস্টেজ মালামাল কেন্দ্রীয় ওয়েস্টেজ ষ্টোরে জমা করে কেন্দ্রীয়ভাবে অপসারণের ব্যবস্থা করা হয়।	ম্যানেজার - ক্লিনিং	সার্বক্ষনিক	প্রযোজ্য নয়।
অন্যান্য বর্জ্য অপসারণ	ফিউজ, টিউব লাইট, ভাল্ব, ভাঙ্গা গ্লাস ইত্যাদির বর্জ্য সাময়িকভাবে ওয়েস্টেজ ষ্টোরে সংরক্ষণ করা হয় এবং পরবর্তীতে কেন্দ্রীয়ভাবে অপসারণের ব্যবস্থা গ্রহণ করা হয়।	ম্যানেজার - ই এন্ড ইউ ম্যানেজার - ক্লিনিং	সার্বক্ষনিক	প্রযোজ্য নয়।

৩.২ যোগাযোগ রুটিন (Communication Routine)

কার্যাবলী	যোগাযোগ পদ্ধতি ও মাধ্যম	কে করবেন	কখন করবেন	সময়সীমা
অভ্যন্তরীণ টিমের সাথে যোগাযোগ ও তথ্য বিনিময়	সভার মাধ্যমে।	পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক কমিটির সদস্যবৃন্দ। দায়িত্বপ্রাপ্ত ক্লিনার ও এইচ আর এ্যান্ড কমপ্লায়েন্স বিভাগের অভ্যন্তরীণ টিম।	পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতকরণের ক্ষেত্রে কোন সমস্যা হলে।	তাৎক্ষনিকভাবে।
মালিক/উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ ।	সভার মাধ্যমে ও ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে।	বিভাগীয় প্রধান (এইচ আর এ্যান্ড কমপ্লায়েন্স)।	কারখানার অভ্যন্তরে পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতকরণে কোন সমস্যা হলে।	তাৎক্ষনিকভাবে।
ফ্লোর ব্যবস্থাপনার	যোগাযোগের মাধ্যম হিসেবে	ম্যানেজার/ডেপুটি	কারখানার অভ্যন্তরে	তাৎক্ষনিকভাবে।

সাথে যোগাযোগ	রয়েছে বিভিন্ন প্রকার মোটিভেশনাল ট্রেনিং, মিটিং ও সাউন্ড সিস্টেম। প্রয়োজনে মোটিভেশনাল ট্রেনিং, মিটিং পুণরায় আরও জোরদার করা ।	ম্যানেজার, সিনিয়র এক্সিকিউটিভ ও এক্সিকিউটিভ - এইচ আর এ্যান্ড কমপ্লায়েন্স, ইসিআর ও ওয়েলফেয়ার অফিসার। প্রয়োজনে বিভাগীয় প্রধান (এইচ আর এ্যান্ড কমপ্লায়েন্স) যোগযোগ করেন।	পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতকরণ কার্যক্রম ব্যহত হলে বা পলিসিতে উল্লেখিত বিষয় বাস্তবায়নে সমস্যা হলে।	এছাড়াও সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক ভিত্তিতে এই যোগাযোগ কার্যক্রম পরিচালনা করা হয়।
কর্মরত শ্রমিকদের সাথে যোগাযোগ	বিভিন্ন প্রকার মোটিভেশনাল ট্রেনিং, মিটিং ও সাউন্ড সিস্টেমের মাধ্যমে শ্রমিকদেরকে অবহিত করা হয়। এছাড়া শ্রমিকদেরকে অবহিত করার জন্য কারখানার নোটিশ বোর্ডে এই নীতিমালা টানাতে হয়।	ওয়েলফেয়ার অফিসার, সিনিয়র এক্সিকিউটিভ ও এক্সিকিউটিভ, এইচ আর এন্ড কমপ্লায়েন্স সম্মিলিত ভাবে কাজ করবেন। মিটিং ও ট্রেনিং কার্যক্রম পরিচালনা করার জন্য ফ্লোর ভিত্তিক ট্রেনিং রুম রয়েছে। সেখানে ৪০ থেকে ৫০ জন শ্রমিকের সমন্বয়ে সেকশন ভিত্তিক ট্রেনিং প্রদান করা হয়।	কর্মকালীন সময়ে ।	৪৫ মিনিট
নতুন শ্রমিকদের সাথে যোগাযোগ	মোটিভেশনাল ট্রেনিং, মিটিং । নবাগত শ্রমিকদের কারখানায় ঝুঁকিমুক্ত ও নিরাপদ কেমিক্যাল ব্যবহারের জন্য কেমিক্যাল কিভাবে ব্যবহার করতে হয়, ব্যবহারের সময় আত্মরক্ষামূলক সরঞ্জামাদি ব্যবহারের গুরুত্ব ও প্রয়োজনীয়তা, কেমিক্যাল বিষয়ে সম্যক ধারনা দিতে হবে। ৪০ থেকে ৫০ জন শ্রমিকের সমন্বয়ে সেশন ভিত্তিক ট্রেনিং এর ব্যবস্থা করতে হবে।	ওয়েলফেয়ার অফিসার, সিনিয়র এক্সিকিউটিভ ও এক্সিকিউটিভ (এইচ আর এ্যান্ড কমপ্লায়েন্স।	নিয়োগ প্রাপ্তির পরের দিন থেকে পরবর্তী (ছুটির দিন ব্যতীত) তিন দিন।	৪৫ মিনিট

৩.৩ ফিডব্যাক ও কন্ট্রোল রুটিন (Feedbak & Control Routine)ঃ

কার্যাবলী	কার্যপদ্ধতি	কে করবেন	কখন করবেন
অভ্যন্তরীণ অডিট। অডিট পরিচালনার ক্ষেত্রে যা ব্যবহার করতে হবে - ০১. চেক লিস্ট ০২. কেমিক্যাল সংক্রান্ত প্রশ্নমালা	অডিট পরিচালনা করা হবে- ০১. শ্রমিকদের সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে। ০২. ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাক্ষাৎকারের মাধ্যমে। ০৩. নথিপত্র যাচাইয়ের মাধ্যমে। ০৪. চাক্ষুস পরিদর্শনের মাধ্যমে। পরিবশগত সনদ, নয়েজ এ্যাসেসমেন্ট টেস্ট রিপোর্ট, ট্রেনিং ডকুমেন্ট, পিপিই ইস্যু ডকুমেন্ট, ফিডব্যাক ডকুমেন্টস, ওয়েস্ট ওয়াটার টেষ্ট রিপোর্ট এবং স্বাস্থ্য পরীক্ষার ডকুমেন্টস নিরীক্ষা করা হবে।	ইন্টারনাল অডিট টিম।	অভ্যন্তরীণ অডিট প্রতিমাসে একবার স্বাস্থ্য পরীক্ষা প্রতি ছয় মাস অন্তর অন্তর।
প্রতিবেদন পেশ	➢কারখানার কোথাও পরিবেশের জন্য ক্ষতিকর কোন কার্যক্রম পরিচালিত হলে প্রযোজ্য ক্ষেত্রে তদন্ত করে প্রতিবেদন তৈরী করতে হবে।	ইন্টারনাল অডিটর/ দায়িত্বপ্রাপ্ত ইসিআর/ এইচ আর এ্যান্ড	দ্রুততম সময়ে সমস্যার সমাধান করতে হবে।

	➢ পরিবেশ ও স্বাস্থ্যগত নিরাপত্তা নিশ্চিতকরণ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলকে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে পরিবেশের জন্য ক্ষতিকর এমন বিভিন্ন দিক সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাসিক, সাপ্তাহিক ও দৈনন্দিন মিটিং, ফ্লোর মনিটরিং, সচেতনতামূলক সভা করতে হবে। ➢ পরিবেশের ক্ষতি হলে এর মূল কারণ বিশ্লেষণ করতে হবে। এ জাতীয় ক্ষতি কি কি কারণে হচ্ছে তা সনাক্ত করতে হবে। ➢ পরিবেশের জন্য ক্ষতিকর কোন কার্যক্রম যাতে না হয় সেজন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।	কমপ্লায়েন্স বিভাগের সদস্যবৃন্দ।	
নিয়ন্ত্রণ	-কারখানার অভ্যন্তরে এবং এর আশ-পাশের পরিবেশ দুষণের কারণগুলি উৎঘাটন করতে হবে। একই সমস্যার পুনরাবৃত্তি বন্ধের বিষয়ে যে সকল প্রতিরোধক মূলক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে তা নির্ধারণ করতে হবে। সমস্যা সমাধানের জন্য প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন। এক কথায় যখন যা করা প্রয়োজন তখন তা করার মাধ্যমে কারখানার অভ্যন্তরে এবং এর আশ-পাশের পরিবেশকে রক্ষা করতে হবে।	পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক কমিটির সদস্যবৃন্দ।	পরিস্থিতি বিবেচনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
সংস্কার / উপসম	এই নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে যদি কোন সমস্যা পরিলক্ষিত হয় এবং কারখানার অভ্যন্তরের পরিবেশগত স্বাস্থ্য রক্ষা ও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে কোন ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হয় তাহলে আলোচনা সাপেক্ষে তা গ্রহণ করতে হবে।	পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক কমিটির সদস্যবৃন্দ এবং ব্যবস্থাপনা পরিচালক।	প্রয়োজনের উপর ভিত্তি করে।

০৪. ইমপ্লিমেনটেশন ও কম্যুনিকেশন (Implementation & Communication) ঃ

৩.১ ও ৩.২ অনুচ্ছেদে আলোচ্য বিষয়ের মাধ্যমে আল মুসলিম গ্রুপের উর্ধ্বতন কর্তৃপক্ষ ইমপ্লিমেনটেশন ও কম্যুনিকেশন নিশ্চিত করে থাকে।

০৫. ফিডব্যাক ও কন্ট্রোল (Feedback & Control) ঃ

৩.৩ অনুচ্ছেদে আলোচ্য বিষয়ের মাধ্যমে আল মুসলিম কর্তৃপক্ষ ফিডব্যাক ও কন্ট্রোল কার্যাবলী নিশ্চিত করে।

নীতিমালা প্রস্তুতকারকঃ
ডি জি এম, এইচ আর সি

Al-Muslim Group Savar, Dhaka.

অনুমোদনকারী ঃ
নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক